# ভূমিকা

**১। উপযোজন হিসাবের আওতা এবং বিষয়বস্তু ঃ** কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স কর্তৃক প্রস্তুতকৃত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রতিরক্ষা সার্ভিসেস এবং সশস্ত্র বাহিনী বিভাগ এর উপযোজন হিসাব (বাংলাদেশ সেনাবাহিনী, বাংলাদেশ নৌ বাহিনী, বাংলাদেশ বিমান বাহিনী, সিজিডিএফ এবং আন্তঃবাহিনী ডিপার্টমেন্টসমূহ) এ সংকলনে সন্নিবেশিত হয়েছে। উপযোজন হিসাব সম্পর্কে কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল-এর রিপোর্ট স্বতন্ত্রভাবে প্রকাশিত হয়ে থাকে ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১২৮(১) অনুচ্ছেদ এবং তদসংগে ১৯৭৪ সনের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক (অতিরিক্ত দায়িত্ব) আইনের ৪ নম্বর ধারা মোতাবেক উপযোজন হিসাব অডিট এবং পেশকরণ কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেলের দায়িত্ব । প্রত্যেক মঞ্জুরীর জন্য পৃথক পৃথক উপযোজন হিসাব প্রণয়নের মাধ্যমে দায়যুক্ত ও অন্যান্য ব্যয়সহ সমুদয় বার্ষিক ব্যয়ের নিরীক্ষিত হিসাব উপস্থাপন করাই এর উদ্দেশ্য । গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১২৮(১) অনুচ্ছেদ এবং এতদ্‌সংগে মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক (অতিরিক্ত দায়িত্ব) আইন (১৯৭৪)-এর ৪ নম্বর ধারা মোতাবেক কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এ হিসাব নিরীক্ষা এবং প্রত্যয়নসহ মহামান্য রাষ্ট্রপতির নিকট পেশ করে থাকেন ।

**২। অতিরিক্ত বা কম খরচের ব্যাখ্যা ঃ** সংশ্লিষ্ট খাতের নীচে প্রয়োজনীয় ব্যাখ্যা প্রদান করা হয়েছে ।

**৩। আনুষঙ্গিক তথ্য ও হিসাব ঃ** যে সকল ক্ষেত্রে ব্যাখ্যামূলক টীকা, আনুষঙ্গিক হিসাব বা বিবরণী উপযোজন হিসাবে অন্তর্ভুক্ত করা বা সংযোজন করা সম্ভব হয়নি, উপযোজন হিসাবের সংশ্লিষ্ট স্থানে তার কারণ বিশ্লেষণ করা হয়েছে।

# কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স-এর প্রত্যয়নপত্র

১। ২০১৫-২০১৬ অর্থ-বছরের উপযোজন হিসাবে সিনিয়র অর্থ নিয়ন্ত্রক, অর্থ নিয়ন্ত্রক এবং আঞ্চলিক অর্থ নিয়ন্ত্রক কার্যালয় কর্তৃক পাসকৃত সকল বিল এবং জারিকৃত সকল অথরিটি-এর মাধ্যমে সম্পাদিত ব্যয় সঠিকভাবে অন্তর্ভুক্ত করা হয়েছে ।

২। উদ্বৃত্ত/অতিরিক্ত খরচের বিষয়ে প্রধান হিসাবদানকারী অফিসার-এর নির্দেশে ব্যয় নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের নিকট হতে সংগৃহীত ব্যাখ্যা প্রত্যেক কোড রেঞ্জের নীচে লিপিবদ্ধ করা হয়েছে ।

ঢাকা,
তারিখ ২৫-৬-১৪২৬ বঙ্গাব্দ।
তারিখ ১০-১০-২০১৯ খ্রিস্টাব্দ।

**(মোহাম্মদ ইকবাল হোসেন)**
কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স
প্রতিরক্ষা অর্থ বিভাগ, প্রতিরক্ষা মন্ত্রণালয়।

# ২০১৫-২০১৬ অর্থ বছরের প্রতিরক্ষা সার্ভিসেস এর উপযোজন হিসাবের সংক্ষিপ্তসার

| মঞ্জুরী নম্বর ও প্রাতিষ্ঠানিক কোড (লেভেল-২) | মূল মঞ্জুরী / বরাদ্দ | সম্পূরক মঞ্জুরী/ বরাদ্দ | পুনঃ উপযোজন | চূড়ান্ত মঞ্জুরী |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১৫ ও | টাকা | টাকা | টাকা | টাকা |
| ১৯-প্রতিরক্ষা মন্ত্রণালয় | ১৭৭০৫,৮৩,১৭,০০০ | ২২৪৪,৬২,২৪,০০০ | ৩৫০,১৪,০০,৫০৫ | ১৯৪৯৯,০৪,৫০,৭২৪ |

| প্রকৃত খরচ | চূড়ান্ত মঞ্জুরী ও প্রকৃত খরচের মধ্যে পার্থক্য উদ্বৃত্ত ( ), অতিরিক্ত | বাজেট অনুযায়ী প্রকৃত ব্যয় হ্রাসের জন্য আদায় সমন্বয়করণ | | কম আদায় ( ), অতিরিক্ত আদায় |
|---|---|---|---|---|
| | | সংশোধিত বরাদ্দ | প্রকৃত আদায় (যেখানে প্রযোজ্য) | |
| ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| টাকা | টাকা | টাকা | টাকা | টাকা |
| ১৯৮৮৮,০৬,৭৩,১০২ | ৩৮৯,০২,২২,৩৭৮ | | | |

২০১৫-২০১৬ সনের উপযোজন হিসাব

মঞ্জুরী নং-১৫

১৯-প্রতিরক্ষা মন্ত্রণালয় (অনুন্নয়ন অন্যান্য ব্যয়) সমাপ্ত

# পর্যালোচনা

প্রতিরক্ষা মন্ত্রণালয়ের প্রতিরক্ষা খাতে ২০১৫-১৬ অর্থ বছরের মূল বাজেট বরাদ্দ ১৭৭০৫,৮৩,১৭,০০০/- (সতের হাজার সাত শত পাঁচ কোটি তিরাশি লক্ষ সতের হাজার) টাকা, সম্পূরক বরাদ্দ ২২৪৪,৬২,২৪,০০০/- (দুই হাজার দুইশত চুয়াল্লিশ কোটি বাষট্টি লক্ষ চব্বিশ হাজার) টাকা এবং পুনঃউপযোজন ৩৫০,১৪,০০,৫০৫/- (তিনশত পঞ্চাশ কোটি চৌদ্দ লক্ষ পাচঁশত পাঁচ) টাকা। এ অর্থ বছরে সমর্পণকৃত অর্থের পরিমাণ ৮০১,৫৪,৯০,৭৮১/- (আটশত এক কোটি চুয়ান্ন লক্ষ নব্বই হাজার সাতশত একাশি) টাকা। ২০১৫-১৬ অর্থবছরে চূড়ান্ত মঞ্জুরী ১৯৪৯৯,০৪,৫০,৭২৪ /- (উনিশ হাজার চারশত নিরানব্বই কোটি চার লক্ষ পঞ্চাশ হাজার সাতশত চব্বিশ) টাকা, প্রকৃত ব্যয় ১৯৮৮৮,০৬,৭৩,১০২ /- (উনিশ হাজার আটশত আটাশি কোটি ছয় লক্ষ তিয়াত্তর হাজার একশত দুই) টাকা এবং অতিরিক্ত ব্যয় হয়েছে ৩৮৯,০২,২২,৩৭৮/- (তিনশত ঊননব্বই কোটি দুই লক্ষ বাইশ হাজার তিনশত আটাত্তর) টাকা।

২। অতিরিক্ত ব্যয়িত ৩৮৯,০২,২২,৩৭৮ /- (তিনশত উননব্বই কোটি দুই লক্ষ বাইশ হাজার তিনশত আটাত্তর) টাকা চূড়ান্ত মঞ্জুরীর শতকরা ১.৯৯ ভাগ। জিপিএফ এর সুদ বাবদ ব্যয়িত অর্থের বিপরীতে বাজেট বরাদ্দ না থাকায় এ খাতে ব্যয়িত অর্থ অতিরিক্ত ব্যয় হিসেবে দেখানো হয়েছে। এছাড়া, সরকারি কর্মকর্তা/কর্মচারীদের ঋণ ও অগ্রিম খাতের বাজেট প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, প্রতিরক্ষা মন্ত্রণালয়-এর আওতাধীন প্রতিরক্ষা মন্ত্রণালয় (সচিবালয়)-এর ৩-১৯০১-০০০১-৭৪০০ (ঋণ ও অগ্রিম) খাতে বরাদ্দ থাকায় এবং এ খাতে ব্যয়িত অর্থের হিসাব সচিবালয়ের সংশ্লিষ্ট কোড/খাতে হিসাবভুক্ত না হয়ে কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স (সিজিডিএফ) কার্যালয়-এর আওতাধীন বাহিনীত্রয়সহ আন্তঃবাহিনী দপ্তর/সংস্থাসমূহের সংশ্লিষ্ট কোডে হিসাবভুক্ত হওয়ায় এ খাতে ব্যয়িত অর্থ অতিরিক্ত ব্যয় হিসেবে দেখানো হয়েছে।

৩। অপারেটিং ইউনিট -১৯০৭(০০০১), ১৯৩১(০১০০), ১৯৩১(০১২০), ১৯৩৩ (০০০১), ১৯৩৩(০১০০), ১৯৩৪(০০০১), ১৯৩৪(০১০০), ১৯৩৫(০০১০), ১৯৩৫(০০২০) ১৯৩৫(০০৩০), ১৯৩৫(০০৪০), ১৯৩৫(০০৫০), ১৯৩৫(০০৫৩), ১৯৩৫(০০৫৫), ১৯৩৫(০০৬০), ১৯৩৫(০০৭০), ১৯৩৫(০০৮০), ১৯৩৫(০০৯০), ১৯৩৫(০১০০), ১৯৩৫(০১০৩), ১৯৩৫(০১১০), ১৯৩৫(০১২০), ১৯৩৫(০১৩০), ১৯৪৫(০০০০) এর সম্পূরক বরাদ্দ যৌক্তিক প্রমাণিত হয়েছে।

৪। উদ্বৃত্তের প্রেক্ষিতে অপারেটিং ইউনিট - ১৯৩১(০১২০) এর ১০,২৩,০৮,৩৪৬/-, ১৯৩৪(০১০০) এর ৬,৮৯৭/-,১৯৪৫(০০০০) এর ৩৯,৯৬১/- আর্থিক সালের মধ্যে সমর্পণ করা হয়নি।

৫। অতিরিক্ত খরচের প্রেক্ষিতে অপারেটিং ইউনিট -১৯০৭(০০০১) এর ৮,০৬,৮১,১৯০/-, ১৯৩১(০১০০) এর ২৪৮,১৯,৫৬,৫৫৯/-, ১৯৩৩(০০০১) এর ৯২,৫৬,৪০,৬৮০/-, ১৯৩৩(০১০০) এর ৯৭,৩৭,৬০৭/-, ১৯৩৪(০০০১) এর ৩৪,৬৭,৪৬,৬৬৯/-, ১৯৩৫(০০১০) এর ১,৯৪,৯২,৮৫০/-, ১৯৩৫(০০২০) এর ২৫,০৪,৭৬৭/-, ১৯৩৫(০০৩০)এর ৩,৩১,০০৬/-, ১৯৩৫ (০০৪০) এর ৪,২২,৭৫০/-, ১৯৩৫(০০৫০) এর ১,০৩,৯২,৭৫০/-, ১৯৩৫(০০৫৩) এর ৩৮,৭৬,২২৮/-, ১৯৩৫(০০৫৫) এর ৩০,৮৫,০২৫/-, ১৯৩৫(০০৬০) এর ১৭,০৪,০৫৭/-, ১৯৩৫ (০০৭০) এর ৫০,০৭,৩১৭/-, ১৯৩৫(০০৮০) এর ১৫,৪৬,৯৮০/-, ১৯৩৫(০১০০) এর ৬৩,৭৪,৯৩৩/-, ১৯৩৫(০১০৩) এর ৮,০৫,৭৬২/-, ১৯৩৫(০১১০) এর ৬,৮৫,৮১,১৪৫/-, ১৯৩৫(০১২০) এর ৪,৩৮,৯২৪/-, ১৯৩৫(০১৩০) এর ২,৩২,৫০,৩৮৩/- অতিরিক্ত খরচ আর্থিক সালের মধ্যে অতিরিক্ত মঞ্জুরী দ্বারা নিয়মিত করা হয়নি।

# ২০১৫-২০১৬ অর্থ বছরের সশস্ত্র বাহিনী বিভাগ এর উপযোজন হিসাবের সংক্ষিপ্তসার

| মঞ্জুরী নম্বর ও প্রাতিষ্ঠানিক কোড (লেভেল-২) | মূল মঞ্জুরী / বরাদ্দ | সম্পূরক মঞ্জুরী/ বরাদ্দ | পুনঃ উপযোজন | চূড়ান্ত মঞ্জুরী |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | টাকা | টাকা | টাকা | টাকা |
| ১৬ ও<br>২০-সশস্ত্র বাহিনী বিভাগ | ২০,৮৫,০০,০০০ | ৫,০৯,৬০,০০০ | ০ | ২৫,৯৪,৬০,০০০ |

| প্রকৃত খরচ | চূড়ান্ত মঞ্জুরী ও প্রকৃত খরচের মধ্যে পার্থক্য উদ্বৃত্ত ( ), অতিরিক্ত | বাজেট অনুযায়ী প্রকৃত ব্যয় হ্রাসের জন্য আদায় সমন্বয়করণ | | কম আদায় ( ), অতিরিক্ত আদায় |
|---|---|---|---|---|
| | | সংশোধিত বরাদ্দ | প্রকৃত আদায় (যেখানে প্রযোজ্য) | |
| ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| টাকা | টাকা | টাকা | টাকা | টাকা |
| ২৪,২৫,৬৯,২৬১ | (১,৬৮,৯০,৭৩৯) | | | |

# ২০১৫-২০১৬ সনের উপযোজন হিসাব

## মঞ্জুরী নং-১৬

২০-সশস্ত্র বাহিনী বিভাগ সমাপ্ত

## পর্যালোচনা

সশস্ত্র বাহিনী বিভাগ এর ২০১৫-২০১৬ অর্থ বছরের মূল বাজেট ২০,৮৫,০০,০০০/- (বিশ কোটি পঁচাশি লক্ষ) টাকা, সম্পূরক বরাদ্দ ৫,০৯,৬০,০০০/- (পাঁচ কোটি নয় লক্ষ ষাট হাজার) টাকা এবং পুনঃউপযোজন ০ (শূন্য) টাকা হওয়ায় চূড়ান্ত বরাদ্দ দাঁড়িয়েছে ২৫,৯৪,৬০,০০০/- (পঁচিশ কোটি চুরানব্বই লক্ষ ষাট হাজার) টাকা।

২। ২০০১(০০০০) এর সম্পূরক বরাদ্দ যৌক্তিক প্রমাণিত হয়েছে।

৩। উদ্বৃত্তের প্রেক্ষিতে ২০০১(০০০০) এর ১,৬৮,৯০,৭৩৯/- আর্থিক সালের মধ্যে সমর্পণ করা হয়নি।